তারিখ 29 MAY ১৯৯৬
পৃঃ 2 কলাম ৬

দৈনিক ইত্তেফাক

## হোমিওপ্যাথি বোর্ড প্রসঙ্গে

গত ৯/৪/৯৬ তারিখে তত্ত্বাবধায়ক সরকার হোমিওপ্যাথি বোর্ডের সকল কার্যক্রম স্থগিত ঘোষণা করিয়া উক্ত বোর্ড পরিচালনায় দুর্নীতি ও আর্থিক অনিয়ম তদন্তে কমিটি গঠন করিয়াছেন। এই প্রসঙ্গে উল্লেখ্য যে, উক্ত বোর্ডের অধীনে পরিচালিত ডি, এইচ, এম, এস শিক্ষা কোর্সটি সেশন জটে আক্রান্ত। এই বোর্ডের আওতাধীন ২২টি হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজে প্রায় ২০ হাজার ছাত্র/ছাত্রী অধ্যয়নরত। এমতাবস্থায় নূতন বোর্ড গঠনে বিলম্ব করিলে সেশন জট আরও মারাত্মক আকার ধারণ করিবে এবং উক্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন হুমকির সম্মুখীন হইবে। তাই তত্ত্বাবধায়ক সরকারের সংশ্লিষ্ট উপদেষ্টা মহোদয়ের নিকট আমাদের আবেদন এই যে, হোমিওপ্যাথি বোর্ডের কার্যক্রম দ্রুত চালু করার ব্যবস্থা গ্রহণ করিতে মর্জি হয়।

—সত্যব্রত বিশ্বাস গ্রাম+পোঃ হাটকৃষ্ণপুর, থানা সদরপুর, জেলাঃ- ফরিদপুর।